বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ।
ফোন ঃ ০২২২৩৩৫৪০২৫; ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

**বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক (বিকেবি) এপিএ টিমের ২০২১-২২ অর্থবছরের ৬ষ্ঠ পর্যালোচনা সভার কার্যবিবরণী**

সভাপতি : জনাব চানু গোপাল ঘোষ, উপব্যবস্থাপনা পরিচালক-০১, বাংলাদেশ কৃষি ব্যাংক , প্রকা, ঢাকা।
প্রধান অতিথি : জনাব মোঃ ইসমাইল হোসেন, ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ কৃষি ব্যাংক , প্রকা, ঢাকা।
স্থান : বোর্ড রুম, বাংলাদেশ কৃষি ব্যাংক , প্রকা, ঢাকা।
তারিখ ও সময় : ২১জুন, ২০২২; বিকেল ০৩.০০ ঘটিকা।

উপস্থিত এপিএ টিমের সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। এপিএ এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জামিল হোসেন বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) ২০২১-২২ এর হালনাগাদ অর্জনের বিস্তারিত তথ্যদি সভায় উপস্থাপন করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) **কৌশলগত উদ্দেশ্যঃ**

| ক্রঃ | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | কৃষি উন্নয়নে ঋণ সহায়তা প্রদান | কৃষি ভিত্তিক শিল্প ঋণ বিতরণ ব্যতিত অন্যান্য ঋণ বিতরণ কার্যক্রমের বিপরীতে ২০২১-২০২২ অর্থ বছরের অর্জন সন্তোষজনক। | ২০২১-২০২২ অর্থ বছরে কৃষি ভিত্তিক শিল্প ঋণ বিতরণ বাড়ানোর কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে এবং ৩০-০৬-২০২২ এর মধ্যে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করতে হবে। |
| ২. | ব্যাংকের আর্থিক ভিত্তি মজবুত করা | ২০২১-২০২২ অর্থ বছরের নির্ধারিত লক্ষ্যমাত্রার বিপরীতে রীট মামলা ও অর্থ ঋণ মামলা নিষ্পত্তি এ ২ টি কার্যক্রমে লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি। এছাড়া অন্য সকল কার্যক্রমের বিপরীতে অর্জন সন্তোষজনক। | ২০২১-২০২২ অর্থ বছরে এই কৌশলগত উদ্দেশ্যের আওতায় রীট মামলা ও অর্থ ঋণ মামলা নিষ্পত্তি কার্যক্রমের বিপরীতে অর্জন লক্ষ্যমাত্রা অনুযায়ী নিশ্চিত করতে কার্যকর উদ্যোগ গ্রহণ করার জন্য আইন বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। |
| ৩. | ব্যাংকের আর্থিক ও প্রশাসনিক শৃংখলা শক্তিশালীকরণ | ২০২১-২০২২ অর্থ বছরের এই কৌশলগত উদ্দেশ্যের সকল কার্যক্রমের বিপরীতে অর্জন সন্তোষজনক। | ২০২১-২০২২ অর্থ বছরে এই কৌশলগত উদ্দেশ্যের অর্জনের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। |
| ৪. | ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণে ডিজিটাল ব্যাংকিং কার্যক্রম সম্প্রসারণ | ২০২১-২০২২ অর্থ বছরের এই কৌশলগত উদ্দেশ্যের সকল কার্যক্রমের বিপরীতে অর্জন সন্তোষজনক। | ২০২১-২০২২ অর্থ বছরে এই কৌশলগত উদ্দেশ্যের অর্জনের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। |
| ৫. | নারী উদ্যোক্তাদের ঋণ সুবিধা বৃদ্ধির মাধ্যমে নারীর ক্ষমতায়ন | ২০২১-২০২২ অর্থ বছরে এই কৌশলগত উদ্দেশ্যের সকল কার্যক্রমের অর্জন সন্তোষজনক। | ২০২১-২০২২ অর্থ বছরে এই কৌশলগত উদ্দেশ্যের অর্জনের ধারাবাহিকতা বজায় রাখতে হবে। |

**খ) আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যঃ**

| ক্রঃ | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | এই আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের সকল কার্যক্রমের বর্তমান অর্জন নিয়ে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের সাথে বিস্তারিত আলোচনা করা হয়। | ২০২১-২০২২ অর্থ বছরের সকল কার্যক্রম সময়মত যথাযথভাবে সম্পন্ন করার জন্য কার্যকর উদ্যোগ গ্রহণ করতে হবে। |
| ২. | ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | ই-গভর্ন্যান্স/উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন কার্যক্রমের বিপরীতে অর্জন ও কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা হয়। | দ্রুত ই-নথি কার্যক্রমটি বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট কার্যালয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে এবং যথাযথ প্রমাণক প্রদান করতে হবে। এছাড়া অন্যান্য কার্যক্রম সময়মত বাস্তবায়ন বিষয়ে পরামর্শ অনুযায়ী যথাযথ ব্যবস্থা গ্রহন করে লক্ষ্যমাত্রা শতভাগ অর্জন নিশ্চিত করার জন্য আইসিটি অপারেশন বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। |

| ক্রঃ | কার্যক্রম | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৩. | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে ভিজিলেন্স স্কোয়াড বিভাগ বিস্তারিত তথ্য উপস্থাপন করেন এবং সকল কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনাহয়। | সকল কার্যক্রম সময়মত যথাযথভাবে সম্পন্ন করার পাশাপাশি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করার জন্য ভিজিলেন্স স্কোয়াড বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়। |
| ৪. | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন বিষয়ে শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ বিস্তারিত তথ্য উপস্থাপন করেন। | সকল কার্যক্রম সময়মত যথাযথভাবে সম্পন্ন করার পাশাপাশি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করা হয়। |
| ৫. | তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | এই আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের ০৬ টি কার্যক্রম এর বিপরীতে অর্জন নিয়ে সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তাদের সাথে বিস্তারিত আলোচনা হয়। | সকল কার্যক্রম যথাযথভাবে সম্পন্ন করার পাশাপাশি মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট বিভাগের সাথে যোগাযোগ রক্ষার নির্দেশনা প্রদান করা হয়। |

২. সভার প্রধান অতিথি, জনাব মোঃ ইসমাইল হোসেন উপস্থিত সকলকে এপিএ অর্জন ও ভবিষ্যৎ করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন।প্রধানঅতিথি, জনাব মোঃ ইসমাইল হোসেন এপিএ এর সকল কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়নের লক্ষ্যে আন্তরিকতার সাথে কাজ করার পাশাপাশি সকল কার্যক্রমের গ্রহণযোগ্য প্রমাণকের বিষয়ে গুরুত্বপূর্ণ দিক নির্দেশনা প্রদান করেন। এপিএ ক্যালেন্ডার অনুসরণ করে সকল কার্যক্রমের বাস্তবায়ন নিশ্চিত করনের পরামর্শ প্রদান করেন। অবশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৭/০৬/২০২২

(চানু গোপাল ঘোষ)
উপব্যবস্থাপনা পরিচালক-০১
ও
এপিএ টিম লিডার

নং-প্রকা/শানিব্যউবি-১(১০২)এমসি-০১/২০২১-২০২২/১৬৪৯ তারিখঃ ২৮ জুন ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, সকল উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপমহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৮। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৯। নথি/মহানথি।

২৮/০৬/২০২২

(জামিল হোসেন)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)
ও
এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তা